# ১৫তম কার্যনির্বাহী সভার কার্যবিবরণী

তারিখ: ১৪ নভেম্বর ২০২৫, রোজ শুক্রবার
সময়: রাত ৮.০০ ঘটিকা
স্থান: ঢাকা গভ. মুসলিম হাই স্কুল প্রাঙ্গণ

---

**সভাপতিত্ব**
সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

**সভার সূচনা**

- সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান এবং মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠুকে সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ করেন।
- মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

---

**সভায় উপস্থিত ছিলেন:**
১. কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ‘ সভাপতি
২. মোঃ মাসুদ রেজা ‘ সিনিয়র সহ-সভাপতি
৩. মোহাম্মদ মুসা ‘ সহ-সভাপতি
৪. মো: জাফর ‘ সহ-সভাপতি
৫. এ.টি.এম. কামাল হোসেন ‘ সহ-সভাপতি
৬. তানভীর মোরশেদ চৌধুরী ‘ সহ-সভাপতি
৭. আসলাম পারভেজ মিঠু ‘ মহাসচিব
৮. মাহবুব রাশেদ রুবেল ‘ যুগ্ম মহাসচিব
৯. মুফতি মোঃ ইসহাক ‘ কোষাধ্যক্ষ
১০. মোঃ এমদাদ-উল-হক ‘ সাংগঠনিক সচিব
১১. মোঃ ইসহাক ‘ সহ-সাংগঠনিক সচিব
১২. সোহেল সিকদার জুম্মন ‘ দপ্তর ও পাঠাগার সচিব
১৩. মোঃ জুলহাস সারোয়ার ‘ সহ-দপ্তর ও পাঠাগার সচিব
১৪. মোঃ তারিক সিরাজ ‘ সাংস্কৃতিক সচিব
১৫. মোঃ আরিফুল ইসলাম অপু ‘ সহ-সাংস্কৃতিক সচিব
১৬. শাহাদত হোসেন ‘ ক্রীড়া সচিব
১৭. মোঃ আজিজুল হক ‘ সহ ক্রীড়া সচিব
১৮. মোঃ মোস্তাফিজুর রহমান ‘ সাহিত্য ও প্রকাশনা সচিব
১৯. মিজানুর রহমান আপেল খান ‘ প্রচার ও জনসংযোগ সচিব
২০. মোঃ জাহাঙ্গীর ‘ নির্বাহী সদস্য
২১. মোঃ নুরুজ্জামান ‘ নির্বাহী সদস্য
২২. মোঃ রফিউল করিম ‘ নির্বাহী সদস্য

২৩. মোঃ এহতেশাম হাকিম ‘ নির্বাহী সদস্য
২৪. সৈয়দ মাহমুদ ‘ নির্বাহী সদস্য

অসুস্থতা, পারিবারিক ও ব্যবসায়িক কাজের কারণে যারা উপস্থিত থাকতে পারে নাই তারা আমাদেরকে অবগত করেছেন এবং সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহন করা হবে তার সাথে সহমত পোষণ করবেন।

২৫. মোঃ হাবিব ‘ যুগ্ম মহাসচিব
২৬. মোঃ জহিরুল ইসলাম বাবু ‘ সমাজ কল্যান সচিব
২৭. আহসানুজ্জামান আরিফ ‘ সহ শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি সচিব
২৮. মোঃ শামসুজ্জামান উপল ‘ সহ সমাজ কল্যান সচিব
২৯. জাফর ইকবাল সিদ্দিকী ‘ নির্বাহী সদস্য

---

**সভার আলোচ্যসূচী**

১. বার্ষিক বনভোজন আয়োজন চূড়ান্তকরণ প্রসঙ্গে আলোচনা।
২. রক্তদান কর্মসূচি প্রসঙ্গে আলোচনা।
২. বিবিধ

---

## সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ

### ১. পূর্ববর্তী সিদ্ধান্ত উপস্থাপন

গত ৮ নভেম্বর অনুষ্ঠিত ১৪তম কার্যনির্বাহী জুম সভায় বার্ষিক বনভোজন নৌবিহার হিসেবে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
সে মোতাবেক সাংস্কৃতিক সচিব জনাব তারিক সিরাজ নৌবিহার আয়োজনের প্রাথমিক বাজেট উপস্থাপন করেন।

### ২. সাংস্কৃতিক সচিব জনাব তারিক সিরাজ

- আনুমানিক ৮০০ জন সদস্য অংশগ্রহণ করবে বলে আশা প্রকাশ করেন।
- জনপ্রতি ১,২০০ টাকা চাঁদা ধরে বাজেট উপস্থাপন করেন।
- নৌবিহারের স্থান নির্ধারণ: চাঁদপুর (মোহনপুর)
- যাত্রা শুরুর সময় প্রস্তাব: সকাল ৮.০০ টা
- বাজেটে ঘাটতি থাকার কারণে বিজ্ঞাপন ও সহায়তা প্রদানের বিষয়টি সবার নজরে আনেন।
- সভাপতি কর্তৃক বিজ্ঞাপন বিষয়ে সম্মতি প্রদানের কথা উল্লেখ করেন।

### ৩. সহ-সভাপতি জনাব এ.টি.এম কামাল হোসেন

- সদস্য সংখ্যা ৬০০-এর কম হতে পারে‘এই পরিস্থিতিতে বাজেট ব্যবস্থাপনা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।
- প্রয়োজনে বিকল্প প্রস্তুতি রাখার পরামর্শ দেন।

### ৪. সাংগঠনিক সচিব জনাব এমদাদ উল-হক

- চাঁদার হার ১,০০০ টাকা করলে অংশগ্রহণ বাড়তে পারে বলে মত দেন।
- যাত্রার সময় সকাল ৯.০০ টা করার প্রস্তাব দেন।
- ঋণ পরিশোধে সচেষ্ট হওয়ার গুরুত্ব উল্লেখ করেন।

### ৫. সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ মাসুদ রেজা

- ঘাটতি পূরণে চাঁদার হার ১,৫০০ টাকা করার প্রস্তাব দেন।
- আয়োজক কমিটির সফলতা সংগঠনের সফলতা'এই বিষয়টি উল্লেখ করেন।

### ৬. সহ-সভাপতি জনাব মোহাম্মদ মুসা

- যাত্রার সময় যথাযথভাবে মেনে চলার ওপর গুরুত্বারোপ করেন।
- সংগঠনের আর্থিক কল্যাণের দিক বিবেচনার জন্য অনুরোধ জানান।

- রক্তদান কর্মসূচি নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে। আগামী সভায় রক্তদান কর্মসূচির লক্ষ্য, তারিখ, স্বেচ্ছাসেবক তালিকা, প্রচারণা কার্যক্রমসহ বিস্তারিত পরিকল্পনা নিয়ে আলোচনা করা হবে।

### ৭. দপ্তর ও পাঠাগার সচিব জনাব সোহেল সিকদার জুম্মান

- দায়িত্ব সঠিকভাবে পালনের ওপর গুরুত্ব দেন।
- দায়িত্বহীন স্বেচ্ছাসেবীদের কারণে যাতে কোনো সমস্যায় না পড়তে হয় সে বিষয়ে সতর্ক করেন।

### ৮. যুগ্ম মহাসচিব জনাব মাহবুব রাশেদ রুবেল

- সবার সহযোগিতা পেলে ১,২০০ টাকার বাজেটেই নৌবিহার সম্পন্ন করা সম্ভব বলে আশা প্রকাশ করেন।

### ৯. কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক

- কোনো ভর্তুকি দেওয়া হবে না'এটি নিশ্চিত করেন এবং বাজেটের মধ্যেই আয়োজন করার আহ্বান জানান।

### ১০. মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু

- এসোসিয়েশনের বাইরের ব্যক্তিদের ক্ষেত্রে সতর্কতার সঙ্গে অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।
- সাংস্কৃতিক সচিবকে অংশগ্রহণকারীদের বিষয়ে একটি স্পষ্ট নির্দেশনা তৈরির অনুরোধ করেন।

---

## সভাপতির বক্তব্য

- নৌবিহার আয়োজন বিষয়ে চূড়ান্ত দিকনির্দেশনা প্রদান করেন।

### সিদ্ধান্তসমূহ

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সভাপতি কাজী মোহাম্মদ রহমতউল্লাহ গৃহীত করেন।

১. বার্ষিক বনভোজন (নৌবিহার) অনুষ্ঠিত হবে: ২৩ জানুয়ারি ২০২৬, রোজ শুক্রবার

২. স্থান: চাঁদপুর (মোহনপুর)

৩. চাঁদার হার: জনপ্রতি ১২০০ টাকা

৪. সদস্য সংখ্যা: আনুমানিক ৮০০ জন
৫. জাহাজ ছাড়ার সময়: সকাল ৮:৩০ মিনিট
৬. রেজিস্ট্রেশন শুরু: ২৮ নভেম্বর ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত (অফলাইন ও অনলাইন উভয়ভাবে)
৭. নৌভ্রমণের বিস্তারিত পরিকল্পনা সাংস্কৃতিক সচিব জনাব তারিক সিরাজকে পরবর্তী কার্যনির্বাহী সভায় উপস্থাপন করার নির্দেশ দেন।
৮. আগামী কার্যনির্বাহি সভায় রক্তদান কর্মসূচি বিস্তারিত পরিকল্পনা নিয়ে আলোচনা করা হবে।
৯. সকলের সম্মতিক্রমে আগামী ২৮ই নভেম্বর, শুক্রবার সন্ধ্যা ৫:৪৫ মিনিটে স্কুলের ১০৫ নম্বর কক্ষে ১৬তম কার্যনির্বাহী সভার দিন ধার্য করেন।

---

**সভা সমাপ্তি**

সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

K.M. Rahmatullah
কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল